

ডেথ অব এ ফয়

একজন ফয়ের পৃথিবীতে মৃত্যুবরণ করাটা ছিল চূড়ান্ত রকমের অস্বাভাবিক একটা ঘটনা। তাদের গ্রহে (যার নাম পৃথিবীবাসীদের কণ্ঠে উচ্চারণ করতে গেলে শোনায অনেকটা সোরটিবাকেসট্রিটে-র মতো) তারাই শ্রেষ্ঠ প্রাণী। এবং আপাত বিবেচনায় তারা অমরও বটে।

প্রত্যেক ফয়ই অবশ্য পালাক্রমে স্বেচ্ছায় মৃত্যু বেছে নেয়, এবং আমাদের এই ফয়টি মৃত্যুকে বেছে নিয়েছিল ব্যর্থ প্রেমের কারণে, অবশ্য যদি আপনারা সেটাকে প্রেম বলতে আপত্তি না করেন, যেখানে পাঁচ জন ফয় বংশ বৃদ্ধির জন্য প্রথমে এক বছর ধরে মানসিক নৈকট্য উপভোগ করে থাকে। দৃশ্যত সে আসলে কয়েক মাস চেষ্টা করেও এই নৈকট্য উপভোগের ব্যাপারটাতে ঠিক খাপ খাওয়াতে পারেনি এবং সে দুঃখেই তার হৃদয়টা কিম্বা বলা যায় হৃদয়গুলো ভেঙে চুরমার হয়ে যায়, যেহেতু তাদের হৃৎপিণ্ড আছে মোট পাঁচটা।

প্রত্যেক ফয়েরই রয়েছে পাঁচটা বড় বড় হৃৎপিণ্ড, আর একটা প্রচলিত ধারণা হল যে সেই কারণেই নাকি তারা আপাত বিচারে অমর প্রায়।

পৃথিবীর সবচেয়ে পরিচিত সার্জন মাউডি ব্রিসকোয়ি ঐ হৃৎপিণ্ডগুলো পেতে খুব আগ্রহী। তার প্রধান সহকারী ডাওয়ানেকে তিনি বলেন, 'এটা কেবল তাদের আকার আর সংখ্যার জন্যই হতে পারে না, এর মাঝে নিশ্চয়ই কোনো না কোনো শারীরবৃত্তীয় বা জৈব রাসায়নিক ব্যাপার আছে। আমাকে অবশ্যই ওগুলো পেতে হবে।'

'আমি জানি না যে আমরা ওগুলো পাব কিনা,' বলে ডাওয়ানে জনসন।

'আমি তার সাথে খুব আন্তরিকভাবেই কথা বলেছি, মৃত্যুর পরে অস্বেচ্ছদ করার বিরুদ্ধে ফয়দের যে ধর্মীয় বিধি নিষেধগুলো আছে সেগুলো

কাটিয়ে ওঠার চেষ্টা চালিয়েছি। ঘর থেকে অনেক দূরে কোনো ফয়ের মৃত্যু যে কত বেদনাদায়ক সেটাও বিবেচনা করতে হয়েছে। আর মাউডি, আমাকে তার সাথে মিথ্যে কথা বলতে হয়েছে।’

‘মিথ্যে?’

‘আমি তাকে বলেছি যে মৃত্যুর পর পৃথিবীর বিখ্যাত গীর্জা গায়ক দল হ্যারল্ড জে গ্যাসেনবাউমের পরিচালনায় তার জন্য আন্তোষ্টিকালীন শোকস্তব গাইবে। আমি তাকে বলেছি যে পৃথিবীতে বিশ্বাস করা হয় যে এর ফলে তার আত্মা তৎক্ষণাৎ মহাশূন্যের মধ্যে দিয়ে ভাসতে ভাসতে ফিরে যাবে তার গ্রহ সোরটিব...কি যেন ছাতার নামটা। তবে শর্ত হল যে তাকে তোমার মানে কিনা মাউডির নামে একটা ছাড়পত্রে সই করে যেতে হবে যাতে তুমি তার হৃৎপিণ্ডগুলো নিয়ে বৈজ্ঞানিক গবেষণা চালাতে পার।’

‘সে ঐ সব ঘোড়ার ডিম বিশ্বাস করেছে এটা তুমি বলতে চাও?’ বলল মাউডি।

‘আরে! তুমি তো জানই আজকাল বুদ্ধিমান প্রাণীদের মিথ এবং বিশ্বাসের প্রতি সবার বেশ ভক্তি ভাবের কেমন একটা চল উঠেছে। কাজেই আমাকে বিশ্বাস না করাটা তার পক্ষে তেমন শোভন হত না। তাছাড়া প্রত্যেক ফয়েরই পার্থিব বিজ্ঞানের প্রতি অগাধ বিশ্বাস রয়েছে, আর আমার মনে হয়েছে আমরা যে তার হৃৎপিণ্ডটা চেয়েছি তাতে এই ফয়টা বেশ যেন কৃতার্থই হয়েছে। সে কথা দিয়েছে যে আমার পরামর্শটা বিবেচনা করে দেখবে। আর আমি আশা করি যে সে একটু তাড়াতাড়ি সিদ্ধান্ত নেবে কেন না সে বড়জোর আর একটা দিন বাঁচবে এবং এর মধ্যেই আমাদেরকে তার কাছ থেকে আন্তঃনাস্ত্রিক আইন অনুযায়ী অনুমতি আদায় করে নিতে হবে, এবং হৃৎপিণ্ডগুলোও পেতে হবে তাজা অবস্থায় আর...আহ ঐ বুঝি তার সঙ্কেত এল।’

ডাওয়ানে জনসন নিঃশব্দে দ্রুত এগিয়ে যায়।

‘হ্যাঁ?’ সে ফিশ ফিশ করে জিজ্ঞেস করে। এর মধ্যেই সে হলোথ্রাফিক রেকর্ডারটাও চালু করে দিয়েছে, বলা যায় না যদি ফয়টা অনুমতি দিয়ে ফেলে।

ফয়ের বিশাল, গ্রন্থিল গাছের মতো শরীরটা বিছানায় পড়ে ছিল নিখর হয়ে। তার ফুলে ওঠা চোখগুলো বেরিয়ে আসার সময় পিটপিট করে ওঠে

www.banglainternet.com represents Isaac Asimov : (1980) Death of a Foy
(পাঁচটার প্রতিটাই), প্রত্যেকটা চোখ একটা করে ছোট্ট শুঁড়ের মাথায় বসান,
সবগুলো ডাওয়ানের দিকে ঘুরে যায়। ফয়ের কর্ণস্বরটা বড় অদ্ভুত, আর তার
ঠোঁট বিহীন গোল মুখটা একটুও নড়ে না, কিন্তু কথার প্রতিটা শব্দ শোনা
যায় একদম পরিষ্কার ভাবে। তার চোখে স্বাভাবিকভাবেই একটা ফয় সুলভ
ভাব ফুটে উঠেছিল, এবং সে বলল, ‘ডাওয়ানে মাউডিকে বল আমার হৃদয়টা
আমি তার জন্যই রেখে গেলাম। আমাকে ব্যবচ্ছেদ করো হ্যারল্ডের গায়ক
দলের জন্য। আর সোরটিবাকেনস্ট্রিটের সকল ফয়কে জানিয়ে দাও যে শীঘ্রি
আমি ওখানে পৌঁছে যাব—’

অনুবাদ: আসরার মাসুদ

banglainternet.com